

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
ওয়েব সাইট: orgbdr.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”


নম্বর-৪৬.০৪.০০০০.১০৩.৩১.০৭১(অংশ-৩).২২-৬৫

তারিখঃ ১৬ শ্রাবণ ১৪৩০
৩১ জুলাই ২০২৩

নোটিশ

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন সফটওয়্যার BDRIS সিস্টেমে মেরামতের কাজ চলমান থাকায় এবং সিস্টেমের স্থিতিশীলতা বজায় রাখার জন্য BDRIS সিস্টেমের কতিপয় পাবলিক লিঙ্ক বন্ধ রাখা হয়েছে। ফলে ব্যক্তি পর্যায়ে অনলাইনে আবেদন করা যাবে না। বর্তমানে ব্যক্তির জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত যাবতীয় আবেদন শুধুমাত্র অথোরাইজড ইউজার এর আইডি হতে করতে হবে। অথোরাইজড ইউজার ব্যতীত অন্যকেউ জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না। BDRIS সিস্টেমের আপগ্রেডেশন ও এর নিরাপত্তা নিশ্চিতকরণ কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত এ অবস্থা চলমান থাকবে।

সাময়িক এ অসুবিধার জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত।



মোঃ রাশেদুল হাসান
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোন: ০২২২৩৩৮৬৬০৬
ই-মেইল: rg@orgbdr.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. বিভাগীয় কমিশনার (সকল)।
০২. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
০৩. মহাপরিচালক (কনসুলার ও কল্যাণ), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহকে অবহিত করার অনুরোধসহ)।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
০৫. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড (সকল)।
০৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
০৭. প্রোগ্রামার, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

০১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।